'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

SEC 3rd Semester Examination, 2024

## SEC - UBNGSEC23003-BENGALI

### বাংলা ভাষা উপস্থাপন

Time Allotted: 2 Hours | Full Marks: 40

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ২×২ = ৪

(ক) প্রবন্ধ রচনায় শিরোনামের গুরুত্বের দু'টি কারণ লেখো।

(খ) ইংরেজি থেকে বঙ্গানুবাদের দু'টি সূত্র উল্লেখ করো।

(গ) গবেষণামূলক নিবন্ধের খসড়া উপস্থাপনের সূচনা তুমি কীভাবে করবে ?

(ঘ) দলবদ্ধ আলোচনায় দলের সদস্যদের মধ্যে বোঝাপড়ার প্রয়োজনীয়তা লেখো।

২। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×২ = ৬

(ক) একটি প্রবন্ধ লিখতে হলে কোন কোন দিকগুলি প্রাধান্য দেবে তা নিজের ভাষায় লেখো।

(খ) ইংরেজি থেকে বাংলায় অনুবাদের সময় বাক্যের গঠন কীভাবে পরিবর্তিত হয় একটি উদাহরণের মাধ্যমে স্পষ্ট করো।

(গ) চাকরির সাক্ষাৎকার প্রদানকারীকে কোন কোন বিষয়ে সচেতন থাকতে হয় ?

(ঘ) কম্পিউটারে বাংলা টাইপ করবার ক্ষেত্রে ব্যবহৃত হয় এমন তিনটি সফট্ওয়্যারের নাম লেখো।

৩। যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৩ = ১৮

(ক) বঙ্গানুবাদ করোঃ

Manik Bandopadhyay was much inclined to literature and had read some Bengali masterpieces at an early age. While in Class VII in Bindubasini School at Tangail, the Bengali teacher would be pleased with Manik's way of writing essays and would often advise classmates to follow him.

(খ) তুমি একটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদের জন্য ইন্টারভিউ দিতে গিয়েছো। অল্প কথায় কাল্পনিক সাক্ষাৎকারটি রচনা করো।

(গ) নিম্নলিখিত অংশটি তুমি 'অভ্র কী-বোর্ড'-এ কীভাবে টাইপ করবে লেখোঃ

"কল্যাণীয়াসু

তুমি বোধ হয় জানো মেয়েদের দুঃখ ও অবমাননায় চিরদিন আমি বেদনা ও লজ্জা বোধ করি। আমার অনেক লেখার মধ্যে অনেকবার তা প্রকাশও হয়েচে। কিন্তু এই দুর্গতির যথার্থ প্রতিকার মেয়েদেরই হাতে...।

শুভাকাঙ্ক্ষী

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর"

Maynaguri College Library

(ঘ) ''দ্বিশত-জন্মবর্ষে ফিরে দেখা : মধুসূদন দত্ত'' — এই শিরোনামে একটি গবেষণামূলক নিবন্ধের সূচনা ও উপসংহারের খসড়া রচনা করো।

(ঙ) ''জীবনানন্দ দাশ বাংলার শ্রেষ্ঠ আত্মমগ্ন কবি'' — এই বিষয়ে একটি দলের চারজনের বক্তব্যের সূত্রগুলি পরপর লেখো।

৪। যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×১ = ১২

(ক) ''অনলাইন শিক্ষাব্যবস্থা ছাত্রছাত্রীদের মনঃসংযোগ ক্ষমতা কমিয়ে দিয়েছে'' — এই বিষয়ে উপযুক্ত শিরোনাম সহযোগে একটি প্রবন্ধ রচনা করো।

(খ) একটি দৈনিক সংবাদপত্রে শিক্ষানবিশ সাংবাদিক পদের জন্য একটি ইন্টারভিউর সম্পূর্ণ খসড়া প্রস্তুত করো।

——×——

Maynaguri College Library